# স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

২। **এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management)**

ক। **শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী। উল্লেখ্য, স্নাতক ডিগ্রীতে কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

খ। **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাভিয়েশন সেক্টরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে। MBA in Aviation Management প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন পত্রের সাথে নিজ কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র জমাদান করতে হবে।